



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৩৭.০২৯.১২-২৭৬

তারিখ : ২৫-১২-২০১৯ খ্রিস্টাব্দ

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংকে হিসাব খোলা সংক্রান্ত
সাধারণ বিজ্ঞপ্তি

দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা বোর্ড ব্যতীত) অধ্যয়নরত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, গত ১৭/০৬/২০১৯ তারিখে অর্থ মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.১০২.২০.০১৮.১৫-২৪৬ সংখ্যক স্মারকের সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত ২০১৯ সাল এবং পূর্ববর্তী বিভিন্ন সালের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ জি-টু-পি (E.F.T.)-এর আওতায় অনলাইনে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে।

বিগত ০৪/০২/২০১৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০১.০৫-১১২ সংখ্যক স্মারক মোতাবেক নিম্নে বর্ণিত বিভিন্ন ক্যাটাগরির বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বরাদ্দকৃত অর্থ তাদের ব্যাংক হিসাবে প্রেরণের নিমিত্তে আগামী ০৯/০১/২০২০ তারিখের মধ্যে বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন যেকোনো তফসিলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীদের নিজ নামে ব্যাংক হিসাব খোলার জন্য বলা হলো।

- ক ক্যাটাগরি - মেধা ও সাধারণ বৃত্তি;
- খ ক্যাটাগরি- সংখ্যালঘু সম্প্রদায়, উপজাতীয় উপবৃত্তি;
- গ ক্যাটাগরি- দৃষ্টি প্রতিবন্ধী, প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত) ও অটিস্টিক উপবৃত্তি এবং
- ঘ ক্যাটাগরি- পেশামূলক উপবৃত্তি;

এখানে উল্লেখ্য যে, ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোনো পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব হবে না।

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

ফোন: ৯৫৫৩৫৪২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা
০৩. পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল).....
০৬. রেজিস্ট্রার (সকল বিশ্ববিদ্যালয়)
০৭. অধ্যক্ষ (মেডিকেলসহ সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান).....
০৮. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৯. পরিচালক/উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল).....
১০. নির্বাহী পরিচালক, এসপিএফএমএসপি প্রজেক্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ২৫, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
“বৃত্তি সংক্রান্ত সাধারণ বিজ্ঞপ্তি” শিরোনামে আদেশটি মাউশি’র ওয়েব সাইটে (www.dshe.gov.bd>সাধারণ
বিজ্ঞপ্তি> আদেশ) এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ)
১২. জেলা শিক্ষা অফিসার (সকল).....
১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....
১৪. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান).....
১৫. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
১৬. সংরক্ষণ নথি